# মৎস্য বার্তা

ইউএসএআইডি এর অর্থায়নে ওয়ার্ল্ড ফিশ বাংলাদেশ (দক্ষিY এশিয়া) এর সহায়তায়,ÒwdW w`  gvIeVi¯cwiP | GKqvKvjPvi di I‡qjwes GÛ wbDwUkbÓ (DAWN) প্রকল্প কক্সবাজার থেকে পরিচালিত কক্সবাজার জেলার টেকনাফ, পেকুয়া এবং কক্সবাজার সদর উপজেলার DAWN কর্মসূচির মাসিক বুলেটিন।

৭ সংখ্যা | ডিসেম্বর-২০১৯ খ্রিস্টাব্দ | পৌষ-১৪২৬ বঙ্গাব্দ

## wbivc` ïUwKi cwkÿY, ‡`‡ki wbie Dbœb



*টেকনাফ উপজেলা, ফটো ক্রেডিট: মোরশেদ, ইউএনএফ; অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে নিরাপদ শুটকি মাছ উৎপাদন বিষয়ক আলোচনার ছবি।*

ÒwdW wdm A¨vÛ A¨v‡KvqvKvjPvi di I‡qjwewqs A¨vÛ wbDwUkbÓ প্রকল্পের আওতায় কক্সবাজার সদর ও টেকনাফ এই দুই (০২) টি উপজেলায় প্রকল্প কর্তৃক নির্বাচিত ৫০০ জন শুটকি উদ্যোক্তদের মধ্য থেকে ৫০ জন উদ্যোক্তাকে নিরাপদ ও স্বাস্থ্যসম্মত শুটকি মাছ উৎপাদনে উদ্ভাবিত নতুন দুটি প্রযুক্তি ফিস ড্রায়ার ও জালে ঢাকা মাচা প্রদান করা হয় যার মধ্যে ১৮ টি ফিস ড্রায়ার ও ১৩ টি মাচা কক্সবাজার সদর উপজেলায় এবং ৭ টি ফিস ড্রায়ার ও ১২ টি মাচা মাচা টেকনাফ উপজেলায় মোট ২৫ টি ফিস ড্রায়ার ও ২৫ টি জালে ঢাকা মাচা প্রদান করা হয়। এই সমস্ত উদ্যোক্তাদের নিয়ে অর্থ্যাৎ কক্সবাজার সদরে ফিস ড্রায়ার ও জালে ঢাকা মাচার ৩১ জন এবং টেকনাফ উপজেলায় ফিস ড্রায়ার ও জালে ঢাকা মাচার ১৯ জনকে নিরাপদ শুটকি উৎপাদনের লক্ষ্যে ১ দিন ব্যাপি প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রকল্পের ইউনিয়ন প্রতিনিধিগণ এই প্রশিক্ষণগুলোর অয়োজন করবেন এবং পরিচালনা করবেন সংশ্লিষ্ট উপজেলা নিউট্রিশন ও অ্যাকোয়াকালচার কর্মকর্তা। এই প্রশিক্ষণের মূল উদ্দেশ্য হলো ছোট-বড় সকল উদ্যোক্তাদের নিরাপদ শুটকি উৎপাদনের সকল ধাপসমূহ হাতে কলমে শেখানোর মাধ্যমে উদ্যোক্তাদের ক্ষতিকর রাসায়নিক কোন দ্রব্য ব্যবহার থেকে বিরত রাখার জন্য উদ্বুদ্ধ করা। উক্ত প্রশিক্ষণে প্রকল্পের নিউট্রিশন অ্যান্ড অ্যাকোয়াকালচার সমন্বয়কারী ও ওয়ার্ল্ড ফিস প্রতিনিধি উপস্থিত ছিলেন। প্রশিক্ষণে নিরাপদ শুটকি উৎপাদনের প্রয়োজনীয়তা, কাঁচা মাছ সংগ্রহ থেকে শুরু করে মাছের প্রক্রিয়াজাতকরণ, মাছের পঁচন, শুটকি উৎপাদনের জন্য বিভিন্ন ধাপসমূহ, শুটকি মাছের সংরক্ষণ, প্যাকেজিং ও বাজারজাতকরণ এর উপর বিভিন্ন অধিবেশন অনুষ্ঠিত হয়। এছাড়াও এর পাশাপাশি নিরাপদ শুটকি মাছ উৎপাদনের জন্য একটি ভিডিও মডিউলও দেখানো হয় যা খুবই আকর্ষণীয় ও ফলপ্রসূ হয়। উক্ত প্রশিক্ষণে প্রক্ষিণার্থীরা বিষ ছাড়া নিরাপদ শুটকি উৎপাদনের ব্যাপারে ব্যাপক আগ্রহ প্রকাশ করেন। তাই এই প্রশিক্ষণ নিরাপদ শুটকি মাছ উৎপাদনে ভালো ভূমিকা রাখবে বলে স্থানীয় সরকার প্রতিনিধিগণ আশাবাদ ব্যক্ত করেন।

## ïUwK Drcv`‡b bZb chw³ Wvqvi I gvPv



*নাজিরারটেক, কক্সবাজার সদর উপজেলা, ফিস ড্রায়ারে মাছ শুকানো, ফটো ক্রেডিট: হাসিবুর, এনএসি;*

ফিড দ্য ফিউচার বাংলাদেশ অ্যাকোয়াকালচার অ্যান্ড নিউট্রিশন অ্যাকটিভিটি এর সহায়তায় ও কোস্ট ট্রাস্ট কর্তৃক মাঠ পর্যায়ে বাস্তবায়িত DAWN প্রকল্পের আওতায় নিরাপদ ও স্বাস্থ্যসম্মত শুটকি উৎপাদনের লক্ষ্যে মোট ২৫ টি ফিস ড্রায়ার ও ২৫ টি জালে ঢাকা উঁচু নেট মাচা প্রকল্পের অওতায় কক্সবাজার সদর ও টেকনাফ উপজেলায় নির্বাচিত উদ্যোক্তাদের মাঝে প্রদান করা হয়। মাঠ পর্যায়ে নির্বাচিত উদ্যোক্তাদের মাঝে উদ্ভাবিত নতুন দুটি প্রযুক্তি ফিস ড্রায়ার ও জালে ঢাকা মাচা প্রদান করা হয় যার মধ্যে ১৮ টি ফিস ড্রায়ার ও ১৩ টি মাচা কক্সবাজার সদর উপজেলায় এবং ৭ টি ফিস ড্রায়ার ও ১২ টি মাচা মাচা টেকনাফ উপজেলায় মোট ২৫ টি ফিস ড্রায়ার ও ২৫ টি জালে ঢাকা মাচা স্থাপন করা হয়। এর ফলে উদ্যোক্তারা ক্ষতিকর ও রাসায়নিক দ্রব্য ব্যবহার ছাড়াই সারা বছর নিরাপদ শুটকি উৎপাদন করতে পারবেন বিশেষ করে ফিস ড্রায়ার ব্যবহারের মাধ্যমে। গুণগত মান সম্পন্ন মাছ রপ্তানির ক্ষেত্রে শুটকি মাছের পরিমাণ একটি বড় অংশ দখল করে আছে যা বিশ্বের বেশ কয়েকটি দেশে বিক্রি হয়। ২০১৭-২০১৮ অর্থবছরে, বাংলাদেশ বিদেশে ৩১৪৩.৯৩ মেট্রিক টন শুটকি রপ্তানি করে ৪২.৫৯ কোটি টাকা আয় করেছে (ডিওএফ, ২০১৯)। বর্তমানে বাংলাদেশে নিরাপদ শুটকি মাছের চাহিদা ব্যাপক এবং শুটকি মাছ অনেক পুষ্টিগুণসম্পন্ন বিশেষ করে আমিষের চাহিদা পুরণে এটি ব্যাপক ভূমিকা পালন করে। ক্রেতারা ভালো মানের ও গুণসম্পন্ন নিরাপদ শুটকি মাছ পেলে দামের ব্যাপারে তেমন চিন্তা করেন না। তাছাড়া বাংলাদেশের কক্সবাজার, টেকনাফ, কুতুবদিয়া, মহেশখালি এইসব এলাকায় প্রচুর পরিমাণে শুটকি উৎপাদন হয় যা অন্য কোন এলাকায়

হয়না। প্রকল্প কর্তৃক স্থাপিত ফিস ড্রায়াওে ও মাচায় উদ্যোক্তারা নিরাপদ শুটকি উৎপাদন শুরু করেছেন যা অত্র অঞ্চলে ব্যাপক সাড়া ফেলবে বলে আশা করা হচ্ছে।

## grm¨ Pv‡li cwkÿY grm¨Pvlx‡`i Dbqb



*পেকুয়া উপজেলা, ফটো ক্রেডিট: তরিকুল ইসলাম; অংশগ্রহণকারীদের নিয়ে প্রশিক্ষণের ছবি।*

কোস্ট ট্রাস্ট কর্তৃক মাঠ পর্যায়ে বাস্তবায়িত ÒWvB wdm GÛ A¨vKqvKvjPvi di I‡qjwes GÛ wbDwUkbÓ প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে মোট তিন (০৩) টি উপজেলার ১৭ টি ইউনিয়নে নির্বাচিত সদস্যদের মাঝে মৎস্য চাষ এর আধুনিক কলাকৌশল, পুষ্টি, পুকুরপাড়ে সবজি চাষ, হাইজিন ও জেন্ডার বিষয়ক প্রশিক্ষণ প্রদান কর্মসূচী শুরু হয়। এই প্রশিক্ষণ কর্মসূচী প্রকল্পের কর্মএলাকার নির্বচিত প্রতিটি গ্রুপকে মোট ৮ টি সেশন/মডিউল এর উপর প্রদান করা হবে অর্থ্যাৎ প্রতিটি গ্রুপ এর সদস্যরা ৮ টি মডিউলের উপর প্রশিক্ষণ পাবেন। মডিউল এর ক্রমধারা গুলো নিম্নরূপঃ

| gwWDj-1 | gwWDj-2 | gwWDj-3 | gwWDj-4 | gwWDj-5 I 6 | gwWDj-7 | gwWDj-8 |
|---|---|---|---|---|---|---|
| পুকুরে পোনা মজুদ পূর্ববর্তী ও মজুদকালীন ব্যবস্থাপনা | পুকুরে পোনা মজুদ পরবর্তী ব্যবস্থাপনা | পুকুরে মাছ চাষে কিছু সাধারণ সমস্যা ও প্রতিকার, আহরণ, বাজারজাতকরণ ও লাভ-ক্ষতি হিসাব | পুকুর পাড়ে সবজি চাষ | পুষ্টি | হাইজিন | জেন্ডার |

প্রতিটি গ্রুপ থেকে ২০ জন করে নিয়ে ১ টি ব্যাচ তৈরি করে সদস্যদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। মাঠ পর্যায়ে প্রশিক্ষণ দেয়ার দায়িত্বটি মূলত পালন করবেন প্রতিটি ইউনিয়ন সংশ্লিষ্ট ইউনিয়ন নিউট্রিশন ফ্যাসিলিটেটরগণ এবং উপজেলা নিউট্রিশন এন্ড অ্যাকোয়াকালচার কর্মকর্তা প্রায় প্রতিটি সেশনে তাদেরকে প্রশিক্ষণ প্রদানে সহায়তা করবেন। উল্লেখ্য যে, অদ্য ৩১/১২/২০১৯ ইং পর্যন্ত তিনটি উপজেলার ১৭ টি ইউনিয়নে মৎস্য চাষ বিষয়ক মডিউল-১, মডিউল-২, মডিউল-৩, মডিউল-৪, মডিউল-৫,মডিউল-৬, মডিউল-৭ সহ মোট ৪৩৬ টি প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন হয়েছে। চলতি মাসে মোট ৮৬ টি মডিউলের উপর প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে যার মোট উপকারভোগীর সংখ্যা ১৪৫৩ জন (পুরুষ- ৮১৮ জন ও নারী- ৬৩৫ জন)। ক্রমান্বয়ে ধারাবাহিকভাবে ৮ টি মডিউলের উপর সকল প্রশিক্ষণ সম্পন্ন করা হবে যা বর্তমানে মাঠ পর্যায়ে চলমান। এতে করে সংশ্লিষ্ট উপকারভোগীদের মধ্যে যাদের পুকুর আছে কিন্তু মৎস্য চাষের আধুনিক প্রযুক্তি সম্পর্কে জানতেন না তারা অনেক বেশি উপকৃত হচ্ছেন ও কর্মএলাকার অন্যান্য মাছ চাষীরাও উদ্বুদ্ধ হয়ে উঠছেন। এতে করে অত্র এলাকার মাছের উৎপাদন বৃদ্ধি পাচ্ছে ও উপকারভোগীরা স্বাবলম্বী হয়ে উঠার স্বপ্ন দেখছেন। সংশ্লিষ্ট উপজেলা মৎস্য বিভাগ এই রকম উদ্যোগ আরও বেশি বেশি নেয়ার উপর গুরুত্বারোপ করেছেন।

## cK‡íi mdjZvq gwmK Kvóvi wgwUs




*পেকুয়া উপজেলা, ফটো ক্রেডিট: কামরুন্নেছা, সিডিও; সভায় অংশগ্রহণকারীদের নিয়ে ওয়ার্ল্ড ফিস প্রতিনিধিসহ ছবি।*

কোস্ট ট্রাস্ট কর্তৃক মাঠ পর্যায়ে বাস্তবায়িত ÒWvB wdm GÛ A¨vKqvKvjPvi di I‡qjwes GÛ wbDwUkbÓ প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে মোট তিন (০৩) টি উপজেলায় উপজেলাভিত্তিক তিন (০৩) টি করে মাসিক সভা অনুষ্ঠিত হয়। মূলত এই সভার আয়োজন করেন উপজেলা নিউট্রিশন অ্যান্ড অ্যাকোয়াকালচার কর্মকর্তা এবং তাঁর সকল ইউনিয়ন পর্যায়ের কর্মকর্তাদের নিয়ে। এই সভায় নিম্নোক্ত ফলাফলসমূহ দেখা যায়-

- প্রকল্প সংশ্লিষ্ট সকল পর্যায়ের কর্মকর্তাদের কাজের লক্ষ্যমাত্রা ও অর্জণ এবং এর বিশ্লেষণ।
- প্রকল্প সংশ্লিষ্ট সবাই বিশেষ করে মাঠ পর্যায়ের কর্মীরা তাদেও কাজের অগ্রগতি, বাধাসমূহ, কোথায় লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি এবং সেক্ষেত্রে করণীয় সম্পর্কে অবহিত হতে পারে।
- এর ফলে সকলে দৈনিক/সাপ্তাহিক/মাসিক কর্মপরিকল্পনা সাজিয়ে নিতে পাওে ও সেই অনুযায়ী প্রকল্পের সকল কাজ সম্পন্ন করতে পারে।

**কোস্ট ট্রাস্ট কর্তৃক ০৩ (তিন) টি উপজেলায় বাস্তবায়িত ড্রাই ফিশ অ্যান্ড অ্যাকোয়াকালচার ফর ওয়েলবিয়িং অ্যান্ড নিউট্রিশন প্রকল্পের আওতায়**

**gwmK Uv‡MU ARb wW‡m¤i-2019**

| ক্রম | কাজের নাম | টার্গেট | অর্জন |
|---|---|---|---|
| ০১ | মাসিক ক্লাষ্টার মিটিং | ০৩ | ০৩ |
| ০২ | মৎস্য চাষ প্রশিক্ষণ | ৮৬ | ৮৬ |
| ০৩ | শুটকি মাছ উৎপাদন প্রশিক্ষণ | ০২ | ০২ |
| ০৪ | ফিস ড্রায়ার | ২৫ | ২৫ |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | জালে ঢাকা উঁচু নেট মাচা | ২৫ | ২৫ |
| ০৬ | নিউজলেটার | ০১ | ০১ |

এই প্রকাশনাটি প্রস্তুতকরনে প্রয়োজনীয় তথ্য দিয়ে সহযোগিতা করেছেন প্রকল্পের সকল সহকর্মী।

প্রয়োজনে আরো তথ্য ও যোগাযোগ:

kvnRv`v nwmei ingvb
প্রকল্প সমন্বয়কারী, DAWN প্রকল্প,
কোস্ট ট্রাস্ট, কক্সবাজার সিএক্সএমটিসি, মোবাইল: ০১৭০৮-১২০৩৯৪
Email: rahman.hasib.coast@gmail.com
www.Coastbd.net